14

দৈনিক ইত্তেফাক

তারিখ 14 APR 1989
পৃষ্ঠা ... কলাম ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# অপ্রীতিকর ঘটনা রংপুর মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

রংপুর সংবাদদাতার ফোন: রংপুর মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। গতকাল (বৃহস্পতিবার) সকালে একদল ছাত্র কলেজ অধ্যক্ষের কক্ষে ঢুকিয়া তৃতীয় বর্ষের ৭ জন ছাত্রকে কেন পরীক্ষা দিতে দেওয়া হইবে না

(২য় পৃঃ দ্রঃ)

## রংপুর মেডিক্যাল কলেজ

(১ম পৃঃ পর)

জানিতে চাহিলে ইহা লইয়া কথা কাটাকাটির এক পর্যায়ে অধ্যক্ষকে নাজেহাল করে ও তাঁহার নিকট হইতে বলপূর্বক পদত্যাগপত্র লিখাইয়া নেয়। ছাত্ররা অধ্যক্ষের কক্ষের জানালা ও জিনিসপত্র ভাংচুর করে।

এই ঘটনার পর একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তের প্রেক্ষিতে অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করা হয় এবং বেলা ১টার মধ্যে ছাত্রদের হোস্টেল ত্যাগ করিতে বলা হয়। কিন্তু নির্ধারিত সময়সীমার মধ্যে ছাত্ররা হোস্টেল ত্যাগ করে নাই। পরে হোস্টেল ত্যাগের সময়সীমা শুক্রবার সকাল ১০টা পর্যন্ত বাড়ানো হয়। ছাত্রদের অভিযোগ, অধ্যক্ষ ছাত্রদের সহিত খারাপ ব্যবহার করেন। অধ্যক্ষকে নাজেহাল করার কথা তাহারা অস্বীকার করে। অধ্যক্ষের সহিত যোগাযোগের চেষ্টা করিয়াও তাঁহাকে পাওয়া যায় নাই।